কমান্ড লাইন দিয়ে ইন্টারনেট থেকে ভিডিও ডাউনলোড

মো: আমিনুল ইসলাম সজীব

ইন্টারনেটে ভিডিও শেয়ার করা এখন অন্যতম জনপ্রিয় একটি সামাজিক যোগাযোগ মাধ্যম। ইন্টারনেটে ভিডিও শেয়ারিং সাইটের মধ্যে অন্যতম জনপ্রিয় হচ্ছে ইউটিউব। এ ছাড়া অন্যান্য জনপ্রিয় সাইটের মধ্যে রয়েছে ভিমিও, টেড, ডিসকভারি ইত্যাদি। তবে এসব সাইটের কোনোটিই ব্যবহারকারীদের সরাসরি ভিডিও ডাউনলোড করার সুযোগ দেয় না। কেননা, তাদের আয়ের একটা বড় অংশই আসে ভিডিও চলার সময় নিচে দেখানো বিজ্ঞাপন থেকে। ভিডিও ডাউনলোডের সুযোগ দিলে ব্যবহারকারীরা একটি ভিডিও একবারই দেখবেন। এই সুযোগ না থাকায় বেশিরভাগ ব্যবহারকারীই বারবার একই ভিডিও দেখে থাকেন ইন্টারনেটে। ফলে সংশ্লিষ্ট সাইটের আয়ের ভাগও বাড়তে থাকে।

টার্মিনাল থেকে ভিডিও ডাউনলোড

একটু প্রযুক্তিমনস্ক হলেই বিভিন্ন টুল বা সফটওয়্যার ব্যবহার করে এসব ভিডিও ডাউনলোড করা যায়। প্রায় সব ব্রাউজারের জন্যই রয়েছে ইউটিউব ভিডিও ডাউনলোড করার এক্সটেনশন বা প্লাগইন। এ ছাড়া আলাদা সফটওয়্যারও ডাউনলোড করে ইনস্টল করা যায়, যা দিয়ে ইউটিউব ভিডিও ডাউনলোড করা সম্ভব। ব্রাউজার প্লাগইনের মধ্যে জনপ্রিয় একটি প্লাগইন হচ্ছে Video DownloadHelper, যা ফায়ারফক্স থেকে ভিডিও ও অডিও ফাইল ডাউনলোড করতে সাহায্য করে। লিনআক্স ব্যবহারকারীরা এই প্লাগইনের মাধ্যমে যেকোনো ভিডিও ডাউনলোড করতে পারবেন পছন্দসই ফরমেটে।

কিন্তু ভিডিও ডাউনলোড হয়তো সবার নিত্যনৈমিত্তিক কাজ নয়। তাই এর জন্য আলাদা একটি প্লাগইন ইনস্টল করা ঝামেলার কাজও মনে হতে পারে। এ ছাড়া প্লাগইন ইনস্টল করার পর ফায়ারফক্স রিস্টার্ট করতে হয়। অনেকগুলো ট্যাব খোলা থাকলে রিস্টার্ট করাও সমস্যার সৃষ্টি করতে পারে। তাই এমন মুহূর্তে সবচেয়ে কার্যকর উপায় হলো লিনআক্সের কমান্ড লাইনের প্রোগ্রাম মুভগ্র্যাব।

মুভগ্র্যাব কী

মুভগ্র্যাব মূলত কমান্ড লাইন ইন্টারফেসে চালিত একটি প্রোগ্রাম, যার মাধ্যমে ইউটিউব, ভিমিওসহ ৪০টিরও বেশি ভিডিও শেয়ারিং সাইট থেকে ভিডিও ডাউনলোড করতে পারবেন। উল্লেখ্য, লিনআক্সের উবুন্টু অপারেটিং সিস্টেমে কমান্ড লাইন ব্যবহার করে কোনো প্রোগ্রাম আলাদা ডাউনলোড বা ইনস্টল করা ছাড়াই ফাইল ডাউনলোড করা যায়। wget কমান্ড দিয়ে যেকোনো ফাইলের ডাইরেক্ট লিঙ্ক দিয়ে এন্টার চাপলে হোম ফোল্ডারে কাঙ্ক্ষিত ফাইলটি ডাউনলোড হয়ে যাবে। কিন্তু ইউটিউবসহ এ জাতীয় ওয়েবসাইটগুলোতে সংশ্লিষ্ট এফএলভি বা এমপিফোর ফাইলের ডাইরেক্ট লিঙ্ক কোথাও দেয়া থাকে না। এখানেই মুভগ্র্যাব তার কারসাজি দেখায়।

মুভগ্র্যাবের নির্ধারিত কমান্ড লিখে টার্মিনালে শুধু ইউটিউবের ভিডিও লিঙ্কটি পেস্ট করে এন্টার চাপলেই সংশ্লিষ্ট ভিডিওটি ডাউনলোড করা শুরু করবে মুভগ্র্যাব। একইভাবে সাপোর্টেড ওয়েবসাইটগুলোর শুধু লিঙ্কটি দিলেই মুভগ্র্যাব সেই পৃষ্ঠা থেকে ভিডিও ফাইলটি গ্র্যাব করে। এটি খুবই ছোট একটি প্রোগ্রাম। কোনো গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস না থাকায় মুহূর্তেই এটি ইনস্টল করা সম্ভব। এবার দেখে নেই লিনআক্সের জনপ্রিয় ডিস্ট্রো উবুন্টুতে কিভাবে মুভগ্র্যাব ইনস্টল করা যায় এবং কিভাবে বিভিন্ন ভিডিও শেয়ারিং সাইট থেকে মুভগ্র্যাবের কমান্ড ব্যবহার করে টার্মিনাল দিয়েই ভিডিও ডাউনলোড করা যায়।

মুভগ্র্যাব ইনস্টল পদ্ধতি

মুভগ্র্যাব সাধারণ অবস্থায় উবুন্টুর সাথে দেয়া রেপোজিটরিতে থাকে না। এ জন্য মুভগ্র্যাব ইনস্টল করার আগে উবুন্টুতে মুভগ্র্যাব যেই রেপোজিটরিতে রাখা আছে তা যোগ করতে হবে। এ জন্য প্রথমেই টার্মিনাল চালু করতে হবে। পুরনো উবুন্টু সংস্করণগুলোতে অ্যাপ্লিকেশন মেনু থেকে অ্যাক্সেসরিজ মেনুতে গেলেই টার্মিনাল পাওয়া যাবে। অবশ্য বেশি পুরনো সংস্করণ হলে নতুন এই রেপোজিটরি কাজ নাও করতে পারে। যারা উবুন্টুর ইউনিটি ইন্টারফেস ব্যবহার করছেন তারা বাম দিকের লঞ্চার থেকেই টার্মিনাল চালু করতে পারবেন। উল্লেখ্য, লিনআক্স মিন্ট ব্যবহারকারীরাও একই উপায়ে মুভগ্র্যাব ডাউনলোড, ইনস্টল ও ব্যবহার করতে পারবেন। তবে লিনআক্স মিন্ট ডেবিয়ান এডিশন হলে এই পদ্ধতি কাজ নাও করতে পারে।

টার্মিনাল চালু হলে নিজের কমান্ডটি দিন।

```
sudo add-apt-repository ppa:nilarimogard/webupd8
```

আপনার পাসওয়ার্ড চাইলে পাসওয়ার্ড দিয়ে এন্টার চাপুন। এবার একে একে নিচের দুটি কমান্ড লিখে এন্টার চাপুন।

```
sudo apt-get update
sudo apt-get install movgrab
```

এরপর প্রম্পট এলে কিবোর্ড থেকে ওয়াই চেপে এন্টার চাপলে মুভগ্র্যাব ডাউনলোড ও ইনস্টল হবে।

ভিডিও ডাউনলোড পদ্ধতি

মাত্র তিনটি কমান্ড লাইনের মাধ্যমেই মুভগ্র্যাব ইনস্টল সম্পন্ন হয়ে গেল। এবার ভিডিও ডাউনলোডের পালা। যেহেতু ইউটিউব ভিডিও দেখার জন্য সবচেয়ে জনপ্রিয় সাইট, তাই উদাহরণ হিসেবে ইউটিউবের একটি লিঙ্ক দিয়েই দেখব কিভাবে লিঙ্কের ভিডিওটি টার্মিনালের মাধ্যমেই ডাউনলোড করা যায়।

ধরা যাক, যে ভিডিওটি ডাউনলোড করা হবে তার লিঙ্ক হচ্ছে http://www.youtube.com/watch?v=LhZhMvcZnR8। প্রথমে এই লিঙ্কটি কপি করুন। এবার টার্মিনাল খুলে নিচের মতো কমান্ড দিয়ে এন্টার চাপুন।

```
movgrab http://www.youtube.com/watch?v=LhZhMvcZnR8
```

উল্লেখ্য, মুভগ্র্যাব শব্দটি লেখার পর স্পেস দিয়ে কপি করা লিঙ্কটি পেস্ট করতে পারেন। তবে স্বাভাবিক উপায়ে টার্মিনালে কপি-পেস্ট কাজ করবে না। তাই এখানে লিঙ্কটি পেস্ট করার জন্য কন্ট্রোল ভি-এর বদলে কন্ট্রোল, শিফট ও ভি একসাথে চাপলে লিঙ্কটি টার্মিনালে পেস্ট হবে।

কমান্ডটি ঠিকভাবে লেখার পর এন্টার চাপলেই ভিডিওটির ডাউনলোড শুরু হবে। ডাউনলোড শেষে আপনার হোম ফোল্ডারে অথবা ডাউনলোড ফোল্ডারেই ভিডিওটি পাবেন। তবে নিশ্চিত হওয়ার জন্য মুভগ্র্যাবের ডাউনলোড কমান্ডটি দেয়ার আগে cd ~/Desktop কমান্ডটি দেয়া যেতে পারে। এতে টার্মিনালের ডিরেক্টরি ডেস্কটপে পরিবর্তিত হবে এবং ভিডিওটি ডেস্কটপেই ডাউনলোড হবে।

বাড়তি সুবিধা

শুধু ডাউনলোড করা ছাড়া আরও কিছু সুবিধা দেয় মুভগ্র্যাব। এর মধ্যে অন্যতম হচ্ছে ডাউনলোড করার আগে দেখে নেয়া যে সংশ্লিষ্ট ভিডিওটির কী কী ফরমেট রয়েছে। ফলে কাঙ্ক্ষিত ফরমেটটি সিলেক্ট করে তা ডাউনলোড করা যাবে।

কোনো ভিডিও কী কী ফরমেটে ডাউনলোড করা যাবে, তা জানতে কমান্ড দিতে হবে এভাবে :

```
http://www.youtube.com/watch?v=LhZhMvcZnR8 -t
```

এবার কাঙ্ক্ষিত ফরমেটে ডাউনলোড করার জন্য ডাউনলোড কমান্ডটিই দিতে হবে একটু ভিন্নভাবে :

```
http://www.youtube.com/watch?v=LhZhMvcZnR8 -f webm:845x48
```

কোনো ভিডিও ডাউনলোড করার সময় বিদ্যুৎ চলে গেলে অথবা ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেলেও চিন্তার কিছু নেই। মুভগ্র্যাব ব্যবহার করে আপনি সহজেই রিজিউম করতে পারবেন। এ জন্য যে ভিডিওটির ডাউনলোড করা হচ্ছিল সেটির লিঙ্কসহ কমান্ড দিতে হবে নিচের মতো করে :

```
http://www.youtube.com/watch?v=LhZhMvcZnR8 -r
```

মুভগ্র্যাবের আরও বিভিন্ন সুবিধা ও বৈশিষ্ট্য রয়েছে। movgrab -h কমান্ড দিয়ে এন্টার চাপলে এই প্রোগ্রামে কী কী রয়েছে এবং কিভাবে তা ব্যবহার করা যায় তার পূর্ণ তালিকা ও নির্দেশিকা পাওয়া যাবে। মুভগ্র্যাব বেশ কাজের একটি প্রোগ্রাম। খুবই সহজে ও দ্রুত ভিডিও ডাউনলোড করার জন্য যেকোনো গ্রাফিক্যাল বা চিত্রভিত্তিক সফটওয়্যারের চেয়ে এটি ভালো কাজ করে। তাই ভিডিও ডাউনলোডের জন্য সফটওয়্যার খোঁজাখুঁজি না করে লিনআক্সেই এবার বসে পড়ুন ভিডিও ডাউনলোড করতে।

সাপোর্টেড সাইট

আগেই বলা হয়েছে, মুভগ্র্যাব সাপোর্ট করে প্রায় চল্লিশের বেশি ভিডিও শেয়ারিং সাইট। এর মধ্যে অন্যতম কিছু সাইট হচ্ছে : ইউটিউব, ডেইলি মোশন, মেটাক্যাফে, ভিমিও, ইহাও, লিপ ডট টিভি, টেড, রেডব্যালকনি, ফটোবাকেট, রয়টার্স, অ্যাকাডেমিক আর্থ, আলজাজিরা, ওয়াশিংটন পোস্ট, সিবিএস নিউজ, গার্ডিয়ান, ব্লুমবার্গ, ব্রিটিশ অ্যাকাডেমি ও ডিসকভারি।

ফিডব্যাক : sajib@aisjournal.com